


**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের 'উর্ধ্বতন হিসাবরক্ষক' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষা গ্রহণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
ইউনিট-১৯
www.bpsc.gov.bd

নথি নম্বর- ৮০.০০.০০০০.১০২.১১.০০৪.২৩-২৯

তারিখ: ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের 'উর্ধ্বতন হিসাবরক্ষক' (১০ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, কেন্দ্র, সময়সূচি ও নির্দেশাবলি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের **'উর্ধ্বতন হিসাবরক্ষক'** (১০ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী ৮২০ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পদের নাম, গ্রেড, দপ্তর, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **'উর্ধ্বতন হিসাবরক্ষক'** (১০ম গ্রেড) বাংলাদেশ টেলিভিশন বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫ ক্রমিক নম্বর-৫৯ | **০১ ফেব্রুয়ারি ২০২৬ রবিবার** দুপুর-১২.০০ মিনিট হতে বিকাল-৪.০০ মিনিট পর্যন্ত | আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | 000001-800096 (একাউন্টিং, ফিন্যান্স, ম্যানেজমেন্ট) | ৭১০ জন |
| | | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | 000011-800009 (ব্যাংকিং, মার্কেটিং, বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন) | ১১০ জন |

**পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি:**

০১. উল্লিখিত পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ব্যতিত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

০৩. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থিতা বাতিল হবে। পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (বাম দিকের শূন্যসহ) কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

০৪. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি এবং স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে।

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:**

০৬. ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/ভ্যানিটি ব্যাগ, মানিব্যাগ, গহনা-অলংকার, ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস এবং কোনো ধরনের নিষিদ্ধ সামগ্রী আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭. **'উর্ধ্বতন হিসাবরক্ষক'** (১০ম গ্রেড) পদে প্রার্থীদেরকে ২০০ নম্বরের [বাংলা-৪০, ইংরেজী-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল (একাউন্টিং, ব্যাংকিং, বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, ফিন্যান্স, ম্যানেজমেন্ট ও মার্কেটিং-৮০] ৪ ঘন্টাব্যাপী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সায়েন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।

০৮. প্রার্থীদেরকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি পৃথক পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয়কোড অবশ্যই লিখতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় ও ৩য় অংশে কোন কিছু লিখবেন না, লিখলে উত্তরপত্র বাতিল হবে।

০৯. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ২৫.০১.২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য **পরিচালক, ইউনিট-১৯, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা** বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্র বিবেচনান্তে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতি পত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১০. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর **(Substantive)** ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১১. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২৮/০১/২০২৬
দিলওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়